আল্লাহ্ তা'আলা বলেনঃ

﴿يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ ٱذۡكُرُواْ ٱللَّهَ ذِكۡرٗا كَثِيرٗا ﴿٤١﴾ وَسَبِّحُوهُ بُكۡرَةٗ وَأَصِيلًا ﴿٤٢﴾﴾ (الأحزاب: ٤١ – ٤٢)

অর্থাৎ হে মু'মিনগণ! তোমরা বেশি বেশি আল্লাহ্ তা'আলার যিকির করো এবং সকাল-সন্ধ্যায় তাঁর পবিত্রতা ও মহিমা বর্ণনা করো। (আহ্যাব : ৪১-৪২)

أَذْكَارُ الصَّبَاحِ وَالْمَسَاءِ وَأَذْكَارُ مَا بَعْدَ الصَّلَوَاتِ

সকাল - সন্ধ্যা ও প্রত্যেক নামায শেষে যা বলতে হয়

সম্পাদনায়ঃ

মোস্তাফিজুর রহমান বিন্ আব্দুল আজিজ

المركز التعاوني للدعوة وتوعية الجاليات بمدينة الملك خالد العسكرية ، حفر الباطن

বাদ্‌শাহ্ খালিদ্ সেনানিবাস প্রবাসী ধর্মীয় নির্দেশনা কেন্দ্র পোঃ বক্স নং ১০০২৫

ফোনঃ ০৩-৭৮৭২৪৯১ ফ্যাক্সঃ ০৩-৭৮৭৩৭২৫ কে, কে, এম, সি. হাফ্‌র আল্-বাতিন ৩১৯৯১

أَذْكَارُ الصَّبَاحِ وَالْمَسَاءِ

সকাল - সন্ধ্যার যিকির:

১. একবার আয়াতুল্ কুর্সী পাঠ করবে।

﴿ ٱللَّهُ لَآ إِلَٰهَ إِلَّا هُوَ ٱلْحَىُّ ٱلْقَيُّومُ ۚ لَا تَأْخُذُهُۥ سِنَةٌ وَلَا نَوْمٌ ۚ لَّهُۥ مَا فِى ٱلسَّمَٰوَٰتِ وَمَا فِى ٱلْأَرْضِ ۗ مَن ذَا ٱلَّذِى يَشْفَعُ عِندَهُۥٓ إِلَّا بِإِذْنِهِۦ ۚ يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ ۖ وَلَا يُحِيطُونَ بِشَىْءٍ مِّنْ عِلْمِهِۦٓ إِلَّا بِمَا شَآءَ ۚ وَسِعَ كُرْسِيُّهُ ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضَ ۖ وَلَا يَـُٔودُهُۥ حِفْظُهُمَا ۚ وَهُوَ ٱلْعَلِىُّ ٱلْعَظِيمُ ﴿٢٥٥﴾ ﴾ (البقرة: ٢٥٥)

অর্থ: তিনি আল্লাহ্ ; তিনি ব্যতীত অন্য কোন সত্য উপাস্য নেই। তিনি চিরঞ্জীব চিরসংরক্ষক। তাঁকে তন্দ্রা ও নিদ্রা কোনটাই স্পর্শ করতে পারে না। নভোমণ্ডল ও ভূমণ্ডলে বিরাজমান সব কিছুই তাঁর। কে আছে এমন! যে তাঁর অনুমতি ছাড়া সুপারিশ করবে তাঁর কাছে? তাদের সাক্ষাতের ও পশ্চাতের সব কিছুই তিনি জানেন। তাঁর ইচ্ছে ব্যতিরেকে তাঁর জ্ঞানের বিন্দু মাত্র ও তারা আয়ত্ব করতে পারে না। তাঁর কুরসী নভোমণ্ডল ও ভূমণ্ডল পরিব্যাপ্ত। এ দুটোর রক্ষণাবেক্ষণ তাঁর জন্য কোন ক্লান্তিকর নয়। তিনি সমুন্নত সুমহান। (বাক্বারাহ্ : ২৫৫)

২. সূরা ইখ্‌লাস তিনবার পাঠ করবে।

﴿قُلْ هُوَ ٱللَّهُ أَحَدٌ ۝١ ٱللَّهُ ٱلصَّمَدُ ۝٢ لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ ۝٣ وَلَمْ يَكُن لَّهُۥ كُفُوًا أَحَدٌۢ ۝٤﴾ (الإخلاص: ١ - ٤)

অর্থ: বলুনঃ তিনিই আল্লাহ্ ; তিনি একক অদ্বিতীয়। তিনি কারো মুখাপেক্ষী নন। তাঁর কোন সন্তান নেই এবং তিনি ও কারোর সন্তান নন। তাঁর সমতুল্য কেউই নেই।

৩. সূরা ফালাক্ব তিনবার পাঠ করবে।

﴿قُلْ أَعُوذُ بِرَبِّ ٱلْفَلَقِ ۝١ مِن شَرِّ مَا خَلَقَ ۝٢ وَمِن شَرِّ غَاسِقٍ إِذَا وَقَبَ ۝٣ وَمِن شَرِّ ٱلنَّفَّٰثَٰتِ فِى ٱلْعُقَدِ ۝٤ وَمِن شَرِّ حَاسِدٍ إِذَا حَسَدَ ۝٥﴾ (الفلق: ١ — ٥)

অর্থ: বলুনঃ আমি আশ্রয় চাচ্ছি প্রভাতের প্রভুর নিকট। তাঁর সৃষ্টির অনিষ্ট হতে। অন্ধকারাচ্ছন্ন রাত্রির অনিষ্টতা হতে। গ্রন্থিতে ফুৎকারকারীনি নারীর অনিষ্ট হতে। হিংসুকের হিংসার অনিষ্ট হতে।

৪. সূরা নাস্ তিনবার পাঠ করবে।

﴿قُلْ أَعُوذُ بِرَبِّ ٱلنَّاسِ ۝١ مَلِكِ ٱلنَّاسِ ۝٢ إِلَٰهِ ٱلنَّاسِ ۝٣ مِن شَرِّ ٱلْوَسْوَاسِ ٱلْخَنَّاسِ ۝٤

ٱلَّذِى يُوَسۡوِسُ فِى صُدُورِ ٱلنَّاسِ ۝٥ مِنَ ٱلۡجِنَّةِ وَٱلنَّاسِ ۝٦ ﴾ (الناس: ١ – ٦)

অর্থ: বলুন: আমি আশ্রয় চাচ্ছি মানব প্রতিপালকের নিকট। মানবাধিপতি ও মানবোপাস্যের নিকট। আত্মগোপনকারী কুমন্ত্রণাদাতার অনিষ্ট হতে। যে কুমন্ত্রণা দেয় মানুষের অন্তরে। জ্বিন হোক বা মানুষ।

৫. নিম্নোক্ত দো'আটি সকাল ও সন্ধ্যাবেলায় একবার পাঠ করবে।

اللَّهُمَّ أَنْتَ رَبِّيْ لاَ إِلَهَ إِلاَّ أَنْتَ ، خَلَقْتَنِيْ وَأَنَا عَبْدُكَ ، وَأَنَا عَلَى عَهْدِكَ وَوَعْدِكَ مَا اسْتَطَعْتُ ، أَعُوْذُ بِكَ مِنْ شَرِّ مَا صَنَعْتُ ، أَبُوْءُ لَكَ بِنِعْمَتِكَ عَلَيَّ وَأَبُوْءُ لَكَ بِذَنْبِيْ فَاغْفِرْ لِيْ فَإِنَّهُ لاَ يَغْفِرُ الذُّنُوْبَ إِلاَّ أَنْتَ

অর্থ: হে আল্লাহ্! আপনি আমার প্রভু। আপনি ব্যতীত সত্যিকার কোন উপাস্য নেই। আপনি আমাকে সৃষ্টি করেছেন। আমি আপনার বান্দাহ্। আমি আপনাকে দেয়া ওয়াদা ও অঙ্গীকার সাধ্যমত রক্ষা করে যাচ্ছি। আমি আমার কৃতকর্মের অনিষ্ট থেকে আপনার আশ্রয় চাচ্ছি। আমি আপনার দেয়া নিয়ামতের স্বীকৃতি ও অপরাধ স্বীকার করছি। অতএব আপনি আমাকে ক্ষমা করে দিন। নিশ্চয়ই আপনি ব্যতীত পাপ মোচনকারী আর কেউ নেই।

৬. নিম্নোক্ত দো'আটি সকাল বেলায় একবার পাঠ করবে।

أَصْبَحْنَا وَأَصْبَحَ الْمُلْكُ للهِ وَالْحَمْدُ للهِ ، لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيْكَ لَهُ ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ، رَبِّ أَسْأَلُكَ خَيْرَ مَا فِيْ هَذَا الْيَوْمِ وَخَيْرَ مَا بَعْدَهُ ، وَأَعُوْذُ بِكَ مِنْ شَرِّ مَا فِيْ هَـذَا الْيَـوْمِ وَشَرِّ مَا بَعْدَهُ ، رَبِّ أَعُوْذُ بِكَ مِنَ الْكَسَلِ وَالْهَرَمِ وَسُوْءِ الْكِبَرِ ، وَأَعُوْذُ بِكَ مِنْ عَذَابٍ فِي النَّارِ وَعَذَابٍ فِي الْقَبْرِ.

অর্থ: আমরা এবং সমগ্র বিশ্বজগত আল্লাহ্'র 'ইবাদাত ও আনুগত্যের জন্যে প্রভাতে উপনীত হয়েছি। সকল প্রশংসা আল্লাহ্ তা'আলার জন্য। আল্লাহ্ ব্যতীত সত্য কোন উপাস্য নেই। তিনি একক ; তাঁর কোন শরীক নেই। বিশ্বজগতের কর্তৃত্ব তাঁরই এবং সকল প্রশংসা তাঁর জন্যই। তিনি সর্বময় ক্ষমতার অধিকারী। হে আমার প্রভু! আমি আপনার নিকট এ দিবস ও তৎপরবর্তী সকল মঙ্গল কামনা করছি। আর এ দিবস ও তৎপরবর্তী সকল অমঙ্গল থেকে আপনার নিকট আশ্রয় চাচ্ছি। হে আমার প্রভু! আমি আপনার নিকট অলসতা, জরাজীর্ণতা ও বার্ধক্যের কষ্ট হতে আশ্রয় চাচ্ছি। আরো আশ্রয় চাচ্ছি দোযখ ও কবরের আযাব হতে।

উক্ত দো'আটি সন্ধ্যা বেলায়ও একবার পাঠ করবে। তবে দাগ দেয়া বাক্যটুকুর পরিবর্তে বলবেঃ

أَمْسَيْنَا وَأَمْسَى الْمُلْكُ لله

অর্থ: আমরা এবং সমগ্র বিশ্বজগত আল্লাহ্ তা'আলার 'ইবাদাত ও আনুগত্যের জন্য সন্ধ্যায় উপনীত হয়েছি। অনুরূপভাবে "আল্ ইয়াওমে" শব্দের পরিবর্তে "আল্ লাইলাতি" (রজনী) শব্দ বলবে, "হা'যা" শব্দের পরিবর্তে "হা'যিহি" এবং "বা'দাহু" শব্দের পরিবর্তে "বা'দাহা"" বলবে।

৭. নিম্নোক্ত দো'আটি সকাল বেলায় একবার পাঠ করবে।

اللَّهُمَّ بِكَ أَصْبَحْنَا وَبِكَ أَمْسَيْنَا وَبِكَ نَحْيَا وَبِكَ نَمُوْتُ وَإِلَيْكَ النُّشُوْرُ

অর্থ: হে আল্লাহ্! আপনারই অনুগ্রহে আমরা প্রভাতে উপনীত হয়েছি এবং আপনারই অনুগ্রহে আমরা সন্ধ্যায় উপনীত হবো। আপনারই মর্জিতে আমরা বেঁচে আছি এবং আপনারই ইচ্ছায় আমাদেরকে মৃত্যুবরণ করতে হবে। অবশেষে আপনারই নিকট আমাদেরকে সমবেত হতে হবে।

নিম্নোক্ত দো'আটি সন্ধ্যা বেলায় একবার পাঠ করবে।

اللَّهُمَّ بِكَ أَمْسَيْنَا وَبِكَ أَصْبَحْنَا وَبِكَ نَمُوْتُ وَبِكَ نَحْيَا وَإِلَيْكَ الْمَصِيْرُ

অর্থ: হে আল্লাহ্! আপনারই অনুগ্রহে আমরা সন্ধ্যায় উপনীত হয়েছি এবং আপনারই অনুগ্রহে আমরা প্রভাতে উপনীত হবো। আপনারই ইচ্ছায় আমাদের মৃত্যু হবে এবং আপনারই মর্জিতে আমরা বেঁচে থাকবো। পরিশেষে আপনারই নিকট আমাদেরকে প্রত্যাবর্তন করতে হবে।

৮. নিম্নোক্ত দো'আটি সকাল বেলায় একবার পাঠ করবে।

أَصْبَحْنَا عَلَى فِطْرَةِ الإِسْلاَمِ ، وَعَلَى كَلِمَةِ الإِخْلاَصِ ، وَعَلَى دِيْنِ نَبِيِّنَا مُحَمَّدٍ ﷺ وَعَلَى مِلَّةِ أَبِيْنَا إِبْرَاهِيْمَ حَنِيْفاً مُّسْلِماً ، وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ

অর্থ: আমরা সহজাত ধর্ম ইসলাম, একত্ববাদের বাণী, নবী মুহাম্মাদ ﷺ আনীত দ্বীন এবং আমাদের মুসলিম জাতির পিতা ইব্রাহীম عليه السلام এর দ্বীনের উপর অটল থাকাবস্থায় প্রভাতে উপনীত হয়েছি। তিনি ছিলেন সত্যপন্থী মোসলমান। তিনি কখনো মুশরিক ছিলেন না।

৯. নিম্নোক্ত দো'আটি সকাল ও সন্ধ্যাবেলায় একবার পাঠ করবে।

اللَّهُمَّ فَاطِرَ السَّمَاوَاتِ وَالأَرْضِ ، عَالِمَ الْغَيْبِ وَالشَّهَادَةِ ، رَبَّ كُلِّ شَيْءٍ وَمَلِيْكَهُ ، أَشْهَدُ أَنْ لاَّ

إِلَهَ إِلاَّ أَنْتَ ، رَبِّ أَعُوْذُ بِكَ مِنْ شَرِّ نَفْسِيْ وَمِنْ شَرِّ الشَّيْطَانِ وَشِرْكِهِ ، وَأَنْ أَقْتَرِفَ عَلَىْ نَفْسِيْ سُوْءاً أَوْ أَجُرَّهُ إِلَى مُسْلِمٍ

অর্থ: হে আল্লাহ্! আপনি ভূমণ্ডল ও নভোমণ্ডলের সৃষ্টিকর্তা, দৃশ্যাদৃশ্যের পরিজ্ঞাতা এবং সবকিছুর প্রভু ও মালিক। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আপনি ব্যতীত সত্যিকার কোন উপাস্য নেই। হে প্রভু! আমি আপনার নিকট নিজ প্রবৃত্তির অনিষ্ট এবং শয়তানের শির্ক, কুটষড়যন্ত্র ও অনিষ্ট হতে আশ্রয় চাচ্ছি। আরো আশ্রয় চাচ্ছি নিজের বা কোন মুসলমানের অনিষ্ট সাধন থেকে।

১০. উক্ত দো'আটি সকাল ও সন্ধ্যাবেলায় একবার পাঠ করবে।

اللَّهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ الْعَافِيَةَ فِي الدُّنْيَا وَالآخِرَةِ ، اللَّهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ الْعَفْوَ وَالْعَافِيَةَ فِيْ دِيْنِيْ وَدُنْيَايَ وَأَهْلِيْ وَمَالِيْ ، اللَّهُمَّ اسْتُرْ عَوْرَاتِيْ وَآمِنْ رَوْعَاتِيْ ، اللَّهُمَّ احْفَظْنِيْ مِنْ بَيْنِ يَدَيَّ ، وَمِنْ خَلْفِيْ وَعَنْ يَمِيْنِيْ وَعَنْ شِمَالِيْ وَمِنْ فَوْقِيْ وَأَعُوْذُ بِعَظَمَتِكَ أَنْ أُغْتَالَ مِنْ تَحْتِيْ

অর্থ: হে আল্লাহ্! আমি আপনার নিকট ইহপরকালে সুস্থতা এবং আপদশূন্যতা কামনা করছি। হে আল্লাহ্! আমি আপনার নিকট দ্বীন, দুনিয়া, পরিবার-পরিজন ও সম্পদের

নিরাপত্তা, উৎকর্ষ ও ত্রুটিশূন্যতা কামনা করছি। হে আল্লাহ্! আপনি আমার ত্রুটি-বিচ্যুতি লুকিয়ে রাখুন এবং আমার ভয়-ভীতি ও উদ্বিগ্নতাকে শান্তি ও নিরাপত্তায় রূপান্তরিত করুন। হে আল্লাহ্! আপনি আমাকে ডান, বাম, উপর, নীচ ও সম্মুখ তথা সর্বদিক থেকে বিপদমুক্ত করুন। হে আল্লাহ্! আপনার মহত্বের ওয়াসীলায় আমি আপনার নিকট ভূমি ধ্বসে আকস্মিক মৃত্যু থেকে আশ্রয় চাচ্ছি।

১১. নিম্নোক্ত দো'আটি সকাল ও সন্ধ্যাবেলায় তিনবার পাঠ করবে।

رَضِيْتُ بِاللهِ رَبًّا وَبِالإِسْلاَمِ دِيْناً وَبِمُحَمَّدٍ ﷺ نَبِيًّا وَّرَسُوْلاً

অর্থ: আমি সন্তুষ্ট চিত্তে মেনে নিয়েছি আল্লাহ্ তা'আলাকে প্রভু হিসেবে, ইসলামকে ধর্ম হিসেবে এবং মুহাম্মাদ ﷺ কে নবী ও রাসূল হিসেবে।

১২. নিম্নোক্ত দো'আটি সকাল ও সন্ধ্যাবেলায় সাতবার পাঠ করবে।

حَسْبِيَ اللهُ لاَ إِلَهَ إِلاَّ هُوَ ، عَلَيْهِ تَوَكَّلْتُ وَهُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ

অর্থ: আল্লাহ্ তা'আলাই আমার জন্য যথেষ্ট। তিনি ছাড়া সত্যিকার কোন উপাস্য নেই। তাঁরই উপর আমি ভরসা করছি। তিনি মহান আর্‌শের প্রভু।

১৩. নিম্নোক্ত দো'আটি সকাল ও সন্ধ্যাবেলায় তিনবার পাঠ করবে।

بِسْمِ اللهِ الَّذِيْ لاَ يَضُرُّ مَعَ اسْمِهِ شَيْءٌ فِي الأَرْضِ وَلاَ فِي السَّمَاءِ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ

অর্থ: আল্লাহ্'র নামে শুরু করছি। তাঁর নামে আরম্ভ হলে ভূমণ্ডল ও নভোমণ্ডলের কোন বস্তু সামান্যটুকুও ক্ষতি সাধন করতে পারবে না। তিনিই সর্বশ্রোতা সর্বজ্ঞ।

১৪. নিম্নোক্ত দো'আটি সকাল ও সন্ধ্যাবেলায় তিনবার পাঠ করবে।

سُبْحَانَ اللهِ وَبِحَمْدِهِ عَدَدَ خَلْقِهِ وَرِضَا نَفْسِهِ وَزِنَةَ عَرْشِهِ وَمِدَادَ كَلِمَاتِهِ

অর্থ: আমি আল্লাহ্ তা'আলার সপ্রশংস পবিত্রতা বর্ণনা করছি তাঁর সৃষ্টির সমপরিসংখ্যান, তাঁর সন্তুষ্টি মাফিক, তাঁর আর্‌শের সমমাপ এবং তাঁর বাণীসমূহের কালি সমান।

১৫. নিম্নোক্ত দো'আটি সকাল ও সন্ধ্যাবেলায় একবার পাঠ করবে।

يَا حَيُّ يَا قَيُّوْمُ بِرَحْمَتِكَ أَسْتَغِيْثُ ، أَصْلِحْ لِيْ شَأْنِيْ كُلَّهُ وَلاَ تَكِلْنِيْ إِلَى نَفْسِيْ طَرْفَةَ عَيْنٍ

অর্থ: হে চিরঞ্জীব! হে চিরসংরক্ষক! আপনার রহমতের ওয়াসীলায় আমি আপনার সাহায্য প্রার্থনা করছি। আমার সর্বসকলাবস্থা আপনি সুন্দর ও সুবিন্যস্ত করে দিন এবং আমার নিজের দায়িত্বভার আমার উপর ক্ষণকালের জন্যও ছেড়ে দিবেন না।

১৬. নিম্নোক্ত দো'আটি সকাল ও সন্ধ্যাবেলায় একবার, দশবার বা একশতবার পাঠ করবে।

لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيْكَ لَهُ ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ

অর্থ: আল্লাহ্ ছাড়া সত্যিকার কোন উপাস্য নেই। তিনি একক ; তাঁর কোন শরীক নেই। বিশ্বজগতের কর্তৃত্ব তাঁরই এবং সকল প্রশংসা তাঁর জন্যই। তিনি সর্বময় ক্ষমতার অধিকারী।

১৭. নিম্নোক্ত দো'আটি সকাল ও সন্ধ্যাবেলায় একশতবার পাঠ করবে।

أَسْتَغْفِرُ اللهَ الَّذِيْ لاَ إِلَهَ إِلاَّ هُوَ الْحَيُّ الْقَيُّوْمُ وَأَتُوْبُ إِلَيْهِ

অর্থ: আমি আল্লাহ্ তা'আলার নিকট ক্ষমা প্রার্থনা ও তাওবা করছি। তিনি ছাড়া সত্য কোন মা'বূদ নেই। তিনি চিরঞ্জীব চিরসংরক্ষক।

১৮. নিম্নোক্ত দো'আটি সকাল ও সন্ধ্যাবেলায় দশবার পাঠ করবে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى نَبِيِّنَا مُحَمَّدٍ

অর্থ: হে আল্লাহ্! আপনি আমাদের নবী মুহাম্মাদ ﷺ এর উপর স্বালাত ও সালাম বর্ষণ করুন।

أَذْكَارُ مَا بَعْدَ الصَّلَوَاتِ

প্রত্যেক ফরয নামাযের পর যা পড়তে হয়:

১. তিনবার ”আস্‌তাগ্‌ফিরুল্লাহ্‌” (আমি আল্লাহ্‌ তা’আলার নিকট ক্ষমা প্রার্থনা করছি) বলবে।

২. নিম্নোক্ত দো’আগুলো প্রত্যেক নামাযের পর একবার পাঠ করবে:

اللَّهُمَّ أَنْتَ السَّلاَمُ وَمِنْكَ السَّلاَمُ ، تَبَارَكْتَ يَا ذَا الْجَلاَلِ وَالْإِكْرَامِ

অর্থ: হে আল্লাহ্‌! আপনিই নিরাপত্তাদাতা এবং আপনার পক্ষ থেকেই সকল নিরাপত্তা। আপনিই বরকতময় হে মহিমান্বিত অতিশয় মহান।

لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيْكَ لَهُ ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ

অর্থ: আল্লাহ্‌ তা’আলা ছাড়া সত্যিকার কোন উপাস্য নেই। তিনি একক ; তাঁর কোন শরীক নেই। বিশ্বজগতের কর্তৃত্ব তাঁরই এবং সকল প্রশংসা তাঁর জন্যই। তিনি সর্বময় ক্ষমতার অধিকারী।

لاَ حَوْلَ وَلاَ قُوَّةَ إِلاَّ بِاللهِ

অর্থ: একমাত্র আল্লাহ্ তা'আলার তাওফীক্ব ছাড়া কেউ কোন গুনাহ্ থেকে বাঁচতে পারে না এবং একমাত্র আল্লাহ্ তা'আলার তাওফীক্ব ছাড়া কেউ কোন নেক আমল করতে পারে না।

لاَ إِلَهَ إِلاَّ اللهُ ، وَلاَ نَعْبُدُ إِلاَّ إِيَّاهُ ، لَهُ النِّعْمَةُ وَلَهُ الْفَضْلُ وَلَهُ الثَّنَاءُ الْحَسَنُ

অর্থ: আল্লাহ্ তা'আলা ছাড়া সত্যিকার কোন উপাস্য নেই। আমরা একমাত্র তাঁরই ইবাদাত করছি। সকল নিয়ামত তাঁরই এবং সকল শ্রেষ্ঠত্বও তাঁরই। তাঁরই জন্য সকল উত্তম প্রশংসা।

لاَ إِلَهَ إِلاَّ اللهُ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ وَلَوْ كَرِهَ الْكَافِرُوْنَ

অর্থ: আল্লাহ্ তা'আলা ছাড়া সত্যিকার কোন উপাস্য নেই। আমরা একনিষ্ঠভাবে তাঁরই আনুগত্য করি। যদিও কাফিরদের তা অপছন্দ লাগে।

اللَّهُمَّ لاَ مَانِعَ لِمَا أَعْطَيْتَ ، وَلاَ مُعْطِيَ لِمَا مَنَعْتَ ، وَلاَ يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْكَ الْجَدُّ

অর্থ: হে আল্লাহ্! আপনি কাউকে কিছু দিতে চাইলে তাতে বাধা দেয়ার কেউ নেই।

আপনি কাউকে বঞ্চিত করলে তাকে দেয়ার কেউ নেই এবং কারোর সম্পদ বা পদসম্মান আপনার নিকট কোন ফায়েদা দিবে না বা আপনার পাকড়াও থেকে কাউকে রক্ষা করতে পারবে না।

৩. নিম্নোক্ত দো'আটি ফজর ও মাগ্‌রিব নামাযের পর দশবার পাঠ করবে।

لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيْكَ لَهُ ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ يُحْيِيْ وَ يُمِيْتُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ

অর্থ: আল্লাহ্ তা'আলা ছাড়া সত্যিকার কোন উপাস্য নেই। তিনি একক ; তাঁর কোন শরীক নেই। বিশ্বজগতের কর্তৃত্ব তাঁরই এবং সকল প্রশংসা তাঁর জন্যই। তিনিই জীবন ও মৃত্যু দেন। তিনিই সর্বময় ক্ষমতার অধিকারী।

৪. "সুব্‌হানাল্লাহ্" (আমি আল্লাহ্ তা'আলার পবিত্রতা বর্ণনা করছি) তেত্রিশবার, "আল্‌হাম্‌দু লিল্লাহ্" (সকল প্রশংসা একমাত্র আল্লাহ্ তা'আলার জন্য) তেত্রিশবার ও "আল্লাহু আক্‌বার" (আল্লাহ্ মহান) তেত্রিশবার বলবে এবং নিম্নোক্ত দো'আ একবার বলবে:

لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيْكَ لَهُ ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ

অথবা, তেত্রিশবার ”সুব্হানাল্লাহ্”, তেত্রিশবার ”আল্হাম্দু লিল্লাহ্” ও চৌত্রিশবার ”আল্লাহু আক্বার” বলবে।

অথবা, দশবার ”সুব্হানাল্লাহ্”, দশবার ”আল্হাম্দু লিল্লাহ্” ও দশবার ”আল্লাহু আক্বার” বলবে।

অথবা, পঁচিশবার ”সুব্হানাল্লাহ্”, পঁচিশবার ”আল্হাম্দু লিল্লাহ্”, পঁচিশবার ”আল্লাহু আক্বার” ও পঁচিশবার ”লা’ইলা’হা ইল্লাল্লা’হ্” বলবে।

৫. আয়াতুল্-কুরসী তথা সূরা বাক্বারাহ্’র ২৫৫ আয়াতটি একবার পাঠ করবে।

৬. সূরা ইখলাস, ফালাক্ব ও নাস এক একবার বলবে।

৭. নিম্নোক্ত দো’আটি প্রত্যেক নামাযের পর একবার পাঠ করবে।

رَبِّ قِنِيْ عَذَابَكَ يَوْمَ تَبْعَثُ عِبَادَكَ

অর্থঃ হে আমার প্রভু! আপনি আমাকে আপনার শাস্তি থেকে বাঁচান যে দিন আপনি আপনার বান্দাহ্দেরকে পুনরুত্থিত করবেন।

৮. নিম্নোক্ত দো’আটি প্রত্যেক নামাযের পর একবার পাঠ করবে।

اللَّهُمَّ أَعِنِّيْ عَلَى ذِكْرِكَ وَشُكْرِكَ وَحُسْنِ عِبَادَتِكَ

অর্থ: হে আল্লাহ্! আপনি আমাকে আপনার যিকির, শুকর (কৃতজ্ঞতা) ও উত্তম ইবাদাত করতে সাহায্য করুন।

৯. নিম্নোক্ত দো'আটি প্রত্যেক নামাযের পর একবার পাঠ করবে।

اللَّهُمَّ اغْفِرْ لِيْ مَا قَدَّمْتُ وَمَا أَخَّرْتُ ، وَمَا أَسْرَرْتُ وَمَا أَعْلَنْتُ ، وَمَا أَسْرَفْتُ ، وَمَا أَنْتَ أَعْلَمُ بِهِ مِنِّيْ، أَنْتَ الْمُقَدِّمُ وَأَنْتَ الْمُؤَخِّرُ لاَ إِلَهَ إِلاَّ أَنْتَ

অর্থ: হে আল্লাহ্! আপনি আমার পূর্বাপর, প্রকাশ্য-অপ্রকাশ্য সকল গুনাহ্ ও হঠকারিতা এবং যা আপনিই আমার চাইতে ভালো জানেন সবই ক্ষমা করুন। আপনিই অগ্রসরকারী এবং আপনিই পশ্চাৎপদক। আপনি ছাড়া সত্যিকার কোন উপাস্য নেই।

সমাপ্ত